

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৯৩

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ - জাহান্নাম ও জাহান্নামীদের বর্ণনা

اَلْفَصْلُ التَّالِثُ (بَابِ صفةالنار وَأَهْلهَا)

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَدْخُلُ النَّارَ إِلَّا شَقِيٌّ». قِيلَ: يَا رَسُولَ اللَّهِ وَمَنِ الشَّقِيُّ؟ قَالَ: «مَنْ لَمْ يَعْمَلْ لِلَّهِ بِطَاعَةٍ وَلَم يتركْ لَهُ مَعْصِيّة». رَوَاهُ ابْنُ مَاجَهُ

اسناده ضعیف ، رواه ابن ماجم (4298) * ابن لهیعۃ مدلس و عنعن ۔ (ضَعِیفٌ)

বাংলা

৫৬৯৩-[২৯] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: হতভাগ্য ছাড়া কোন লোক জাহান্নামে প্রবেশ করবে না। প্রশ্ন করা হলো, হে আল্লাহর রাসূল! হতভাগ্য কে? তিনি (সা.) বললেন, যে আল্লাহ তা'আলার সম্ভুষ্টি লাভের জন্য আনুগত্য করে না এবং তাঁর অবাধ্যতার কাজ পরিত্যাগ করে না। (ইবনু মাজাহ)

ফুটনোট

যঈফ: ইবনু মাজাহ ৪২৯৮, য'ঈফুল জামি ৬৩৪২, মুসনাদে আহমাদ ৮৫৭৮, ইবনু লাহী'আহ য'ঈফাহ হিদায়াতুর রুওয়াত ৫/২৩৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (مَنْ لَمْ يَعْمَلْ لِلَهِ) যে একমাত্র আল্লাহর জন্য কোন 'ইবাদাত করে না এবং কোন গুনাহ ছাড়ে না সেই



হলো দুর্ভাগা। এ বিষয়ে কুরআনে ইঙ্গিত করা হয়েছে,

﴿ ٢١٠﴾ فَإِنَّ الْآَجَنَّةَ هِيَ السَّمَا وَى الْآَفِيَ النَّفَاسَ عَنِ الْآَفِي ﴿ ٢٠٠﴾ فَإِنَّ الْآجَنَّةَ هِيَ الْآمَا وَى ﴿ ٢٠٠﴾ فَإِنَّ الْآجَنَّةَ هِيَ السَّمَا وَى ﴿ ٣١٠﴾ فَإِنَّ الْآجَنَّةَ هِيَ السَّمَا وَي ﴿ ٣١٠﴾ وَاللَّهُ وَالْكُولُ وَاللَّهُ وَاللَّ

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন